

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

তারিখ-----

নং-২৪.০২.০০০০.০০৪.১৮.২৪৪.১৭.

বিষয়ঃ- মেসার্স কেনটাকী টেক্সটাইলস লিমিটেড এর অনুকূলে ৬ষ্ঠ শ্রেণীর ৩য় এডহক শিল্প আই আর সি জারীর সুপারিশ পত্র প্রদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, মেসার্স কেনটাকী টেক্সটাইলস লিমিটেড, অফিস: এ.এম. প্লাজা (৪র্থ তলা), ৭৬ ডিআইটি রোড, মালিবাগ, ঢাকা ও কারখানাঃ রতনদি, মোগড়াপাড়া, সোনারগাঁ, নারায়নগঞ্জ, শিল্প উপ-খাত “নিটিং, ডাইং, ফিনিশিং এন্ড নিট গার্মেন্টস (কম্পোজিট)” এর অধীনে ১০০% রপ্তানিমুখী শিল্প হিসাবে নিবন্ধনকৃত একটি কারখানা। যার নিবন্ধন সংখ্যা-এল-৬২০৯০৮১১০২১-এইচ, তারিখ-১৩/১১/২০০৮ খ্রিঃ। শিল্প প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বিভিন্ন অসুবিধার কারণে শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে ৬ষ্ঠ শ্রেণীর এডহক শিল্প আই আর সি নং- ব-০২১৮৮৫৫, তারিখঃ ০৩/১০/২০১১ খ্রিঃ এর বিপরীতে কাঁচামাল আমদানী করতে ব্যর্থ হওয়ায় তাদের আবেদনের প্রেক্ষিতে এ অধিদপ্তরের একজন পরিদর্শক সরেজমিনে পরিদর্শন করে বিস্তারিত তথ্যাদিসহ একটি পরিদর্শন প্রতিবেদন দাখিল করেন। উক্ত পরিদর্শন প্রতিবেদন এবং কারখানাটির দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা নিরীক্ষার করে বর্তমান ষান্মাসিক আমদানী স্বত্ব ২,৩৮,৯৯,৮০০/- (দুই কোটি আটত্রিশ লক্ষ নিরানব্বই হাজার আটশত) টাকা অপরিবর্তিত রেখে শিল্প প্রতিষ্ঠানটি অনুকূলে ৬ষ্ঠ শ্রেণীর ৩য় এডহক শিল্প আই আর সি জারীর সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

অতএব, উপরিউক্ত বর্ণনার প্রেক্ষিতে বর্তমান আমদানী নীতি আদেশ ২০১৫-১৮ এবং অন্যান্য সরকারি নিয়মাবলী প্রতিপালন সাপেক্ষে মেসার্স কেনটাকী টেক্সটাইল লিমিটেড কাঁচামাল আমদানীর জন্য ষান্মাসিক আমদানী স্বত্ব ২,৩৮,৯৯,৮০০/- (দুই কোটি আটত্রিশ লক্ষ নিরানব্বই হাজার আটশত) টাকা ৩য় এডহক শিল্প আই আর সি জারীর জন্য নির্দেশক্রমে সুপারিশ প্রদান করা হলো। শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানীমুখী বিধায় আমদানীযোগ্য কাঁচামাল সমূহ বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানী করতে হবে।

উল্লেখ্য যে, অত্র সুপারিশ পত্রটি উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগতকোন দায়মুক্তি প্রদান করে না।

প্রধান নিয়ন্ত্রক,
আমদানী ও রপ্তানী নিয়ন্ত্রক অধিদপ্তর
জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।


স্বাঃ
(মোঃ সাইফুর রহমান)
উপ-পরিচালক (কারিগরি)
বাস্তবায়ন শাখা
পরিচালক, বস্ত্র অধিদপ্তরের পক্ষে।
ফোনঃ ৯১১৪২০৯,
E-mail: ddimplement@dot.gov.bd

নং-২৪.০২.০০০০.০০৪.১৮.২৪৪.১৭. ৯৬৭ (৪)

তারিখ- ২৩/০৩/১৬

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ০১। নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানী নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
- ০২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।
- ০৩। মেসার্স কেনটাকী টেক্সটাইলস লিমিটেড, অফিস: এ.এম. প্লাজা (৪র্থ তলা), ৭৬ ডিআইটি রোড, মালিবাগ, ঢাকা ও কারখানাঃ রতনদি, মোগড়াপাড়া, সোনারগাঁ, নারায়নগঞ্জ।
- ০৪। জনাব মোঃ সাইফুল ইসলাম, লাইব্রেরিয়ান, বস্ত্র অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।


(এম, এম আয়ুব রানা ওসমানী)
সহকারী পরিচালক (কারিগরি)
বাস্তবায়ন শাখা
পরিচালক, বস্ত্র অধিদপ্তরের পক্ষে।
ফোনঃ ৯১২০৬০৬,
E-mail: adimplement@dot.gov.bd